

তথ্য প্রকাশের ক্ষেত্রে ব্যতিক্রম সমূহ

১. সেশব অভ্যন্তরীণ তথ্য, যা প্রকাশিত হলে, এডিবি-র স্বতঃস্ফূর্ত স্বাভাবিক যোগাযোগ ও মতবিনিময় প্রক্রিয়া ব্যাহত হবে এবং যা এডিবি-র বিবেচনা ও সিদ্ধান্তগ্রহণ প্রক্রিয়ার উন্মুক্ততাকে বাধাগ্রস্ত করে বা করতে পারে। এর মধ্যে রয়েছে পরিচালক, তাদের বিকল্প, পরিচালকদের উপদেষ্টা, ব্যবস্থাপনার সদস্য, এডিবি - কর্মী এবং পরামর্শদাতাদের কাছে দেয়া বা তাদের কাছ থেকে পাওয়া অভ্যন্তরীণ দলিলপত্র, স্মারক, এবং এ ধরনের অন্যান্য যোগাযোগ।
২. এডিবি-র বিবেচনা ও সিদ্ধান্তগ্রহণ প্রক্রিয়ায় তার সদস্য এবং অন্যান্য ব্যক্তি বা সংগঠন যাদের সাথে এডিবি-র সহযোগিতা রয়েছে তাদের জন্য তৈরি বা তাদের কাছ থেকে পাওয়া তথ্য, যা প্রকাশিত হলে, তাদের মধ্যকার সরল যোগাযোগ ও মতবিনিময় প্রক্রিয়া ব্যাহত হবে এবং যা এডিবি বা তাদের বিবেচনা ও সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়া বিশেষতঃ উন্নয়নশীল সদস্য দেশের সাথে নীতি সম্পর্কিত সংলাপের উন্মুক্ততাকে বাধাগ্রস্ত করে বা করতে পারে।
৩. কোন দেশের সরকার বা আন্তর্জাতিক সংস্থা থেকে আস্থার ভিত্তিতে পাওয়া তথ্য, যা প্রকাশিত হলে, এডিবি-র সাথে সেইসব পক্ষের সম্পর্ক সত্যিকারভাবে ক্ষতির সম্মুখীন হয় বা হতে পারে।
৪. ব্যক্তিগত তথ্য, যার মধ্যে রয়েছে নিয়োগের শর্তাবলী, দক্ষতা মূল্যায়ন এবং পরিচালক, তাদের বিকল্প এবং উপদেষ্টা, ব্যবস্থাপনা সদস্য, এডিবি কর্মী ও পরামর্শকদের চিকিৎসা সংক্রান্ত ব্যক্তিগত তথ্য, অভ্যন্তরীণ অভিযোগ ও পুনর্বিবেচনার আবেদন সংক্রান্ত তথ্য ও তদন্ত প্রক্রিয়ার কর্মপত্রের বিবরণ যদি না তা কর্মী পরিচালন বিধি এবং বোর্ড অব ডিরেক্টরদের সংশ্লিষ্ট নিয়মকানুনের লঙ্ঘন না করে।
৫. এডিবি-র ভবিষ্যত ঋণের হিসাব, আর্থিক পূর্বাভাস, এডিবি-র রাজস্ব পরিচালনার জন্য ব্যক্তিগত বিনিয়োগ সিদ্ধান্তের তথ্য এবং ঋণের মূল্যায়ন।
৬. কোন দেশের ঋণ পাবার উপযুক্ততা ও যোগ্যতার বিশ্লেষণ।
৭. বোর্ড অব ডিরেক্টরদের সভার কার্যবিবরণী (তবে সভার বিস্তারিত বিবরণী এবং সভাপতির সারসংক্ষেপ ব্যতিরেকে)।
৮. কোন পার্টির এডিবি-কে দেয়া তথ্য, যা জানাজানি হলে, সেই পার্টির ব্যবসায়িক সম্ভাবনা, আর্থিক স্বার্থ এবং তার প্রতিযোগিতামূলক অবস্থান বজ্জগতভাবে ক্ষতিগ্রস্ত হয় বা হতে পারে।
৯. ক্লায়েন্ট, উপদেষ্টা, পরামর্শক এবং অন্যান্য সংশ্লিষ্ট পক্ষের গোপন ব্যবসায়িক তথ্য যার সাথে এডিবি গোপনীয়তা রক্ষার চুক্তিতে আবদ্ধ।
১০. প্রস্তাবক, দরপত্রদাতা বা মূল্য উদ্ধৃতকারী কর্তৃক সরবরাহকৃত পূর্ব-যোগ্যতার তথ্য ও সংগ্রহ প্রক্রিয়ার সাথে সম্পর্কিত তথ্য।
১১. সেইসব তথ্য, যা প্রকাশিত হলে, কোন ব্যক্তির জীবন, স্বাস্থ্য বা নিরাপত্তার প্রতি ঝুঁকি সৃষ্টি হয় বা হতে পারে।
১২. এমন সব তথ্য যা প্রকাশিত হলে, ন্যায় প্রতিষ্ঠা ঝুঁকিপূর্ণ হয় বা হতে পারে।
১৩. যেসব তথ্য আইনজ্ঞ ও মক্কেলের মধ্যকার অধিকারের আওতাধীন বা যা উন্মুক্ত হলে তদন্তকাজ প্রভাবিত হয় বা হতে পারে।
১৪. দূনীতি অভিযোগের উৎস।
১৫. অযোগ্য (কালো তালিকাভুক্ত) বা দূনীতিদমন নীতিমালার আওতায় তদন্তাধীন সকল নাম।
১৬. অডিটর জেনারেলের অফিস বা এডিবি বহির্ভূত অডিটর প্রণীত অডিট রিপোর্ট।
১৭. যে তথ্য প্রকাশিত হলে কোন সদস্যের প্রতিরক্ষা বা জাতীয় নিরাপত্তা বাস্তবিকভাবে ঝুঁকিপূর্ণ হবে বা হতে পারে।
১৮. আর্থিক তথ্য, যা অবমুক্ত হলে, কোন সদস্য দেশের সরকারের অর্থ ব্যবস্থাপনা সক্ষমতা ঝুঁকিপূর্ণ হয় বা হতে পারে।
১৯. যেসব তথ্য প্রকাশিত হলে, কপিরাইট আইনসহ অন্যান্য প্রচলিত আইন লঙ্ঘিত হয় বা হবার আশংকা দেখা দেয়।